



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবি/বি/০৮/ইংলিশ/৬৬৬

তারিখ: ২৯/০৯/২০২৬ খ্রি.

বিষয়: বিদেশি কারিকুলাম-এ পরিচালিত Methodist English Medium School- এর নিবন্ধন নবায়ন।

সূত্র: পরিদর্শনকারী কর্মকর্তার ১০/০৯/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর মিরপুর থানাধীন 'মেথোডিস্ট ইংলিশ মিডিয়াম স্কুল' -কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭" এর ৪(২) বিধি মোতাবেক ০১-০১-২০২৬ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য O-Level এবং A-Level পর্যায়ে নিবন্ধন নবায়ন করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহসহ উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:

- শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
- বিধিমালার ৬(৪) বিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
- প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে।
- উক্ত বিধিমালার ১৪ বিধি মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ২ (দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
- উক্ত বিধিমালার ১৫ বিধি যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;
- বিধিমালার ১৯ বিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
- বিধিমালার ২০(৩) বিধি অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফর্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
- বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ন্যূনতম ২,০০,০০০/- রাখতে হবে। যা কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
- সন্তোষজনক ফলাফল অর্জন করতে হবে এবং O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;
- পরীক্ষার-পরিচালনা পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করাসহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনসহ বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে;
- স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;
- প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;
- নিবন্ধন নবায়নের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূ্যন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
- নিবন্ধন নবায়নের আবেদনে প্রদত্ত তথ্যে ভবিষ্যতে কোন ভুল/অসত্য প্রমাণিত হলে কিংবা এ প্রত্বে বর্ণিত কোন শর্ত প্রতিপালন করা না হলে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিবন্ধন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত

প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০২-৫৮৬১০০৬৯

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

তারিখ: ২৯/০৯/২০২৬ খ্রি.

প্রাপক:

অধ্যক্ষ

মেথোডিস্ট ইংলিশ মিডিয়াম স্কুল

২৫০/১, ২য় কলোনী, মাজার রোড, মিরপুর-১, ঢাকা- ১২১৬

মেমো নং- ৬৬৬/৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক, ঢাকা;
- কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্রক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
- রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার, পিয়ারসন এডভেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাছপথ, ঢাকা;
- পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- পরিচালক/প্রতিষ্ঠাতা, মেথোডিস্ট ইংলিশ মিডিয়াম স্কুল, ২৫০/১, মাজার রোড, মিরপুর-১, ঢাকা- ১২১৬;
- অফিস কপি।

২৮.৯.২৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা